গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স-২ অধিশাখা
www.cabinet.gov.bd

**ই-সার্ভিস মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ কামাল হোসেন<br>সচিব, সমন্বয় ও সংস্কার<br>মন্ত্রিপরিষদ বিভাগ |
| সভার তারিখ | : | ১৯ জানুয়ারি ২০২১ |
| সভার সময় | : | ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | ভার্চুয়াল প্লাটফর্ম |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে যুগ্মসচিব, ই-গভর্নেন্স অধিশাখা কমিটির কার্যপরিধি ও সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। সকল মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক উদ্ভাবন, সেবা সহজিকরণ এবং ডিজিটাইজেশন সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় সাধন ও পরিবীক্ষণের লক্ষ্যে ২০১৯ সালে ই-সাভিস মনিটরিং কমিটি গঠন করা হয়। সময়ের সাথে সাথে প্রেক্ষিত ও প্রয়োজন পরিবর্তিত হওয়ায় গত ৪ জানুয়ারি ২০২১ সালে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বাংলাদেশ টেলিকমিনিউকেশন্স কোম্পানি লিমিটেড এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কে অর্ন্তভূক্ত করে কমিটি পুনর্গঠন করা হয়। পুনর্গঠিত কমিটির কার্যপরিধিতে প্রতি একমাসে সভায় মিলিত হওয়ার পরিবর্তে প্রতি দুই মাস অন্তর সভা আয়োজন করাসহ, প্রতি বছর সেবা সহজিকরণ, অনুসরণীয় দৃষ্টান্ত ও উদ্ভাবন সংক্রান্ত তথ্যসমূহ ওয়েবসাইটে হালনাগাদ করার বিষয়টি অর্ন্তভূক্ত করা হয়।

৩। ড. মো: আব্দুল মান্নান পিএএ, প্রকল্প পরিচালক, এটুআই সভায় বলেন যে, জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে এ পর্যন্ত প্রায় ১৪০০টি সরকারি সেবা ডিজিটাইজড করা হয়েছে এবং সরকারি সেবাসমূহ দ্রুত ডিজিটাল করার জন্য MyGov সিস্টেম এবং জটিল ধরনের সেবাসমূহকে অটোমেশনের জন্য DSDL-এর আওতায় ডিজিটাইজড করার কার্যক্রম চলমান রয়েছে। এ প্রসঙ্গে তিনি বলেন যে, অনেক সার্ভিস ডিজিটাইজড হওয়ার পরও জনগণ তা সঠিকভাবে ব্যবহার করছে কিনা এবং আবেদনকারী ডিজিটাইজড সেবা সম্পর্কে অবহিত কিনা ইত্যাদি সম্পর্কে সুনির্দিষ্ট কোন তথ্য নেই। তবে এ সংশ্লিষ্ট তথ্য নাগরিকগণকে প্রদত্ত সেবার গুণগতমান বৃদ্ধির ক্ষেত্রে বিশেষ ভূমিকা রাখে। এখন পর্যন্ত সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কর্তৃক ৪০০-এর অধিক সেবা সহজিকরণ করা হয়েছে এবং সেবাগুলো সহজিকরণের ফলে জনগণ কতটুকু উপকৃত হলেন সে বিষয়টি জানা প্রয়োজন মর্মে তিনি সভায় উল্লেখ করেন। তিনি চতুর্থ শিল্প বিপ্লব-এর প্রেক্ষাপট বর্ণনা করে বলেন যে তিনটি বিষয় (Physical, Biological and Technological) একীভূত হলে এবং ১০টি প্রযুক্তির সাথে খাপ খাইয়ে নেওয়ার লক্ষ্যে সকলকে এখন থেকে প্রস্তুত হতে হবে। এছাড়া তথ্য বাতায়নে সকল কর্মচারীর দাপ্তরিক অফিস নম্বরসহ সেল নম্বর ওয়েবপোর্টালে হালনাগাদ করা প্রয়োজন মর্মেও তিনি উল্লেখ করেন।

৪। এ প্রসঙ্গে সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ বলেন যে, মন্ত্রণালয়/বিভাগসমূহের ডিজিটাইজডকৃত সেবা বিশেষ করে যে সকল সেবা মাঠপ্রশাসনের সাথে সম্পৃক্ত সে সকল সেবার স্বত্ব, প্রচার

ও রক্ষণাবেক্ষণ-এর ব্যবস্থা করত হবে এবং মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সেবাগুলো সহজিকরণের ফলে জনগণ যে ধরনের সুফল পাচ্ছে তার স্ব-মূল্যায়িত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগকে অনতিবিলম্বে প্রেরণ করবে।

৫। ড. আবু শাহীন মো: আসাদুজ্জামান, যুগ্মসচবি, জনপ্রশাসন মন্ত্রণালয় সভাকে অবহিত করেন যে, সরকারি দপ্তরের ওয়েবসাইটগুলো হালনাগাদ করার জন্য ইতোপূর্বে এটুআই-এর সহযোগিতায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মূল্যায়ন করার পদ্ধতি চালু ছিল যা পুনরায় চালু করা হলে সকলের মধ্যে একটি সুস্থ্য প্রতিযোগিতা কাজ করবে একই সাথে মন্ত্রণালয়/বিভাগের তথ্য বাতায়ন হালনাগাদ থাকবে।

৬। জনাব এহসানুল পারভেজ, পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল উল্লেখ করেন যে চতুর্থ শিল্প বিপ্লব-এর বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর সমন্বয়ে ইতোপূর্বে একাধিক সেমিনার ও কর্মশালার আয়োজন করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, এটুআই, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, মন্ত্রিপরিষদ বিভাগের সহায়তায় চতুর্থ শিল্প বিপ্লবের বিষয়ে সকল মন্ত্রণালয়/বিভাগ-কে অবগত করার লক্ষ্যে আরো অধিকহারে সেমিনার/ কর্মশালা আয়োজন প্রয়োজন মর্মে তিনি সভায় উল্লেখ করেন।

৭। বেগম, সেলিমা সুলতানা (এনডিসি), অতিরিক্ত সচবি, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ সভায় বলেন যে, সকল মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট দপ্তরের সাধারণ সেবাগুলো সহজিকরণের লক্ষ্যে বিভিন্ন সফটওয়্যার ব্যবহার না করে কেন্দ্রীয়ভাবে অভিন্ন সফটওয়্যার কাস্টমাইজ করে ব্যবহার করলে সরকারের ব্যয় হ্রাস পাবে এবং তা রক্ষণাবেক্ষণও সহজ হবে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক গৃহীত ইআরপি প্রকল্প-এর আওতাধীন ৫টি মন্ত্রণালয়/বিভাগে ৯টি মডিউল-এর মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের সাধারণ সেবাগুলো সফটওয়্যার-এর মাধ্যমে প্রদান করার কার্যক্রম চলমান রয়েছে যা পর্যায়ক্রমে সকল মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়ন করা যেতে পারে।

৮। বিস্তারিত আলোচনান্তে সভায় গৃহীত সিদ্ধান্ত নিম্নোরূপ:

৮.১। মন্ত্রণালয়/বিভাগসমূহের ডিজিটাইজডকৃত সেবা বিশেষ করে যে সকল সেবা মাঠপ্রশাসনের সাথে সম্পৃক্ত সে সকল সেবার স্বত্ব, প্রচার ও রক্ষণাবেক্ষণ-এর ব্যবস্থা করতে হবে।

৮.২। মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সেবাগুলো সহজিকরণের ফলে জনগণ যে ধরনের সুফল পাচ্ছে তার স্ব-মূল্যায়িত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগকে অনতিবিলম্বে প্রেরণ করবে।

৮.৩। মন্ত্রিপরিষদ বিভাগ বেশি জনসম্পৃক্ত সেবা (যেমন: ভূমি, শিক্ষা, স্বাস্থ্য ইত্যাদি) মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করবে এবং মন্ত্রণালয়/বিভাগ-এর নাগরিক কেন্দ্রিক সেবাগুলোকে গুরুত্ব প্রদান করে ডিজিটাইজড করার লক্ষ্যে এটুআই-এর সহযোগিতায় কর্মপরিকল্পনা গ্রহণ করবে ।

৮.৪। সকল মন্ত্রণালয়/বিভাগ তথ্য বাতায়ন হলনাগাদকরণের লক্ষ্যে সকল কর্মচারীর দাপ্তরিক অফিস নম্বরসহ সেল নম্বর আপলোড করবে।

৮.৫। সরকারি দপ্তরের ওয়েবসাইটগুলো হালনাগাদ করার জন্য ইতোপূর্বে এটুআই-এর সহযোগিতায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মূল্যায়ন করার পদ্ধতি চালু ছিল যা পুনরায় চালু করতে হবে।

৮.৬। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, এটুআই, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, মন্ত্রিপরিষদ বিভাগের সহায়তায় চতুর্থ শিল্প বিপ্লবের বিষয়ে সকল মন্ত্রণালয়/বিভাগ-কে অবগত করার লক্ষ্যে সেমিনার/ কর্মশালা আয়োজন করবে।

৮.৭। এ কমিটির প্রতিটি সভায় পিছিয়ে পরা ১০টি করে মন্ত্রণালয়/বিভাগের চীফ ইনোভেশন অফিসার অংশগ্রহণ করবে।

৮.৮। সেবা ডিজিটাল করার ক্ষেত্রে যে সকল নির্দেশনা (বিএনডিএ, ডাটা হোস্টিং, এসকিউ টেস্টিং) বহাল রয়েছে তা অনুসরণ করতে হবে।

৮.৯। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮ পরিবীক্ষণের জন্য যেমন মনিটরিং টুল তৈরী করা হচ্ছে অনুরুপভাবে এ কমিটির পরিধিভূক্ত কার্যক্রম পরিবীক্ষণের জন্য সফ্টওয়্যার তৈরী করা যেতে পারে। এ ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এটুআই এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
মোঃ কামাল হোসেন
সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ